

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২১টি প্রতিষ্ঠানকে ১.১৮ লক্ষ টাকা জরিমানা

১৮ সেপ্টেম্বর ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ৭ জন কর্মকর্তার নেতৃত্বে চট্টগ্রাম, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, পটুয়াখালী, মাগুরা ও চাঁদপুরে আজ বাজার তদারকি করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রামের হালিশহর এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের পাহাড়তলী এলাকায় ৩টি প্রতিষ্ঠানকে ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালী সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৬,৪০০/- (ছয় হাজার চারশত) টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সূচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরা সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৫,১০০/- (পাঁচ হাজার একশত) টাকা এবং চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৭টি বাজার তদারকির মাধ্যমে ২১টি প্রতিষ্ঠানকে মোট ১,১৮,৫০০/- (এক লক্ষ আঠারো হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাংক/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, খুলনা ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, পটুয়াখালী, মাগুরা ও চাঁদপুর।
- ৭। পুলিশ সুপার, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, পটুয়াখালী, মাগুরা ও চাঁদপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।